



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন
কমিটি



বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪-এর কার্যক্রম [১.২.১] অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি	সালমা আক্তার পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন কমিটি
সভার তারিখ	২০ সেপ্টেম্বর, ২০২৩
সভার সময়	সকাল ১০:৩০ ঘটিকা
স্থান	অনলাইন জুম মিটিং
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সূচনা:

সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অর্থবছরের কার্যক্রম [১.২.১] অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), হাইড্রোকার্বন ইউনিট ও বিস্ফোরক পরিদপ্তরের সমন্বয়ে গত ২০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন কমিটির সভাপতির সভাপতিত্বে অনলাইন জুম-এ আয়োজন করা হয়।

আলোচনা:

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এ সময় সভাপতি মহোদয় মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশিত এপিএ বাস্তবায়নের ধারাবাহিকতায় এ সভার আয়োজন করা হয়েছে বলে উল্লেখ করেন। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সংশ্লিষ্ট সংস্থাসমূহের সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সাথে প্রাতিষ্ঠানিক সেবা প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

সভায় উপস্থিত খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), হাইড্রোকার্বন ইউনিট ও বিস্ফোরক পরিদপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ জিএসবি'র প্রদেয় প্রাতিষ্ঠানিক সেবাসমূহ নিয়ে সন্তোষ পোষণ করেন এবং পরবর্তীতে কোন সমস্যার উদ্ভব হলে আলোচনার মাধ্যমে তা দ্রুততর সময়ে সমাধান করা যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া প্রতিনিধি, হাইড্রোকার্বন ইউনিট জিএসবি'র বিদ্যমান লাইব্রেরি সেবা সম্পর্কে জানতে চান। সভাপতি প্রাথমিক ধারণা দেন ও বিস্তারিত জানার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন কমিটির সদস্য সচিব এবং ফোকাল পয়েন্ট জনাব মো: আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) এর সাথে যোগাযোগ করার পরামর্শ দেন।


সেবা প্রদান প্রতিশ্রুতির প্রাতিষ্ঠানিক সেবার বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত:

১। সেবা গ্রহণ/প্রদানে সমস্যার উদ্ভব হলে আলোচনার মাধ্যমে তা দ্রুততর সময়ে সমাধান করা হবে।

২। প্রতিনিধি, হাইড্রোকার্বন ইউনিট জিএসবি'র বিদ্যমান লাইব্রেরি সম্পর্কে বিস্তারিত জানার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন কমিটির সদস্য সচিব এবং ফোকাল পয়েন্ট জনাব মো: আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) এর সাথে যোগাযোগ করবেন।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সালমা আক্তার

পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, সেবা প্রদান
প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন কমিটি

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৯১.১৯.১০১

তারিখ: ১১ আশ্বিন ১৪৩০

২৬ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
- ২) মহাপরিচালক (যুগ্মসচিব), হাইড্রোকার্বন ইউনিট
- ৩) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
- ৪) পরিচালক (ভূতত্ত্ব) , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১ , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৬) উপ-পরিচালক (ভূপদার্থ)-৩ , ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৭) উপ-পরিচালক (রসায়ন)-২ , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৮) উপ-পরিচালক (ড্রিলিং)-৪ , ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৯) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২ , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



মো: আহসান হাবিব

সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও সদস্য সচিব,
সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও
মূল্যায়ন কমিটি